

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং- ১৭

তারিখঃ ০৬ এপ্রিল, ২০১৪

বাংলাদেশে বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

ব্যক্তিগত ভ্রমণ কোটার বিপরীতে বৈদেশিক মুদ্রা ইস্যু প্রসঙ্গে।

নিবাসী বাংলাদেশী নাগরিকের বার্ষিক ব্যক্তিগত ভ্রমণ কোটার বিপরীতে বৈদেশিক মুদ্রা ইস্যু বিষয়ে Guidelines for Foreign Exchange Transactions 2009 (Vol-1) এর Chapter 12, Para 1(ii), এফই সার্কুলার নং-২৪, তারিখঃ ডিসেম্বর ০২, ২০০৯ এবং এফই সার্কুলার নং-০৯, তারিখঃ আগস্ট ২৭, ২০১২ এর নির্দেশনাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এখন হতে বর্ণিত বৈশ্বিক ব্যক্তিগত ভ্রমণ কোটার পরিমাণ প্রতি পঞ্জিকাবর্ষে প্রাপ্ত বয়স্ক যাত্রীপিছু মার্কিন ডলার ১২,০০০ (বার হাজার) এ উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে, এক্ষেত্রে সার্কভুক্ত দেশ এবং মিয়ানমারে ভ্রমণের জন্য উক্ত সীমা অনধিক মার্কিন ডলার ৫০০০ (পাঁচ হাজার) বা সমপরিমাণ বৈদেশিক মুদ্রা এবং অন্যান্য দেশে ভ্রমণের জন্য উক্ত সীমা অনধিক মার্কিন ডলার ৭০০০ (সাত হাজার) প্রযোজ্য হবে। অপ্রাপ্ত বয়স্কদের (বার বছরের নিচে) জন্য বর্ণিত সীমা পূর্বের ন্যায় প্রাপ্ত বয়স্কদের সীমার অর্ধেক হবে। তবে প্রতি ভ্রমণে নগদ আকারে যাত্রীপিছু বৈদেশিক মুদ্রা ছাড়ের সীমা অবশ্যই মার্কিন ডলার ৩০০০ (তিন হাজার) এর অধিক হবেনা।

০৩। বিদেশ ভ্রমণের উদ্দেশ্যে বৈদেশিক মুদ্রা ছাড়করণ সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক উপরোক্ত নির্দেশনাবলী সংশ্লিষ্ট সকলপক্ষকে অনতিবিলম্বে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(জগন্নাথ চন্দ্র ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯২